# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯ সালের ২য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |
| উপস্থিতি | ঃ | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১ঃ ১৫ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

আলোচনা ঃ গত ১৫ জানুয়ারি, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ২০১৯ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস এবং জনাব হেলাল উদ্দিন আহমেদ, বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস ২০১৯ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯ সালের ১ম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-২ঃ জানুয়ারি, ২০১৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জানুয়ারি, ২০১৯ মাসে বিভিন্ন খাতে ১,০৭,৫১,১৫৩/- (এক কোটি সাত লক্ষ একান্ন হাজার একশত তিপ্পান্ন) টাকার রাজস্ব আদায় হয়েছে। এর মধ্যে গৃহকর বাবদ ৩৭,৩৫,৪৫৬/- (সাইত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত ছাপ্পান্ন) টাকা, দোকান ভাড়া বাবদ ১৯,৩১,৯১১/- (উনিশ লক্ষ একত্রিশ হাজার নয়শত এগার) টাকা এবং অন্যান্য খাতে ৫০,৮৩,৭৮৬/- (বায়ান্ন লক্ষ সাতচল্লিশ হাজার চারশত আটান্ন) টাকা। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৭,৭২,৭৩,০০০/- (সতের কোটি বাহাত্তর লক্ষ তিয়াত্তর হাজার) টাকার বিপরীতে জানুয়ারি, ২০১৯ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২০,১৫,৬৯,৭০৮/- (বিশ কোটি পঁনের লক্ষ উনসত্তর হাজার সাতশত আঠার) টাকা, যা মোট দাবীর ১১৩.৭০% হলেও আদায়কৃত গৃহকরের হার ৯১.১৩%। বর্তমান অর্থ বৎসরের এখনও ০৩ মাস বাকী। অবশিষ্ট সময়ের মধ্যে গৃহকর আদায়ের হার ১০০% অতিক্রম করবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ

২.১। ক্যান্টনমেন্ট বোর্ড হতে অনুমোদিত নকশা মোতাবেক বাড়ী নির্মাণের পর যে সকল হোল্ডিং অদ্যাবধি করের আওতায় আসেনি তা চিহ্নিত করার জন্য এলাকা ভিত্তিক কমিটি গঠন করে প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং কম্পিউটারাইজড্ ডাটাবেজ প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.২। ২০১৮-২০১৯ অর্থ বছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং বকেয়া হোল্ডিং ট্যাক্স তালিকা প্রস্তুত করে আদায়ের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩ঃ জানুয়ারি, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা ঃ জানুয়ারি, ২০১৮ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ৩,৪৪,৫৭,৬৩৯/- (তিন কোটি চুয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার ছয়শত উনচল্লিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ জানুয়ারি, ২০১৯ মাসে সর্বমোট আয় ৯,৭০,৩১,৭০২/- (নয় কোটি সত্তর লক্ষ একত্রিশ হাজার সাতশত দুই) টাকা। অপরদিকে জানুয়ারি, ২০১৯ মাসে সর্বমোট ব্যয় ৪,৩৭,৮১,২২২/- (চার কোটি সাইত্রিশ লক্ষ একাশি হাজার দুইশত বাইশ) টাকা। এ যাবৎ ক্যান্টনমেন্ট বোর্ডের সমাপ্ত প্রকল্পসমূহের যথানিয়মে পরিশোধ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০১৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪ঃ জানুয়ারি, ২০১৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও ষ্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক, দৈনিক, মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এ্যান্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। জানুয়ারি, ২০১৯ মাসে সিএমএইচ, ঢাকা সেনানিবাসে ৪ জন ডেঙ্গু রোগী এবং ৫ জন ভাইরাল হেপাটাইটিস রোগী ভর্তি হলেও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে কোন ডেঙ্গু রোগী ভর্তি হয়নি। এছাড়াও উক্ত প্রতিবেদনে স্কুল-কলেজের টয়লেট পরিস্কার-পরিচ্ছন্নতার মান আরও উন্নত করার জন্য তাগিদ প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সেনানিবাসের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। স্কুল-কলেজের পরিস্কার-পরিচ্ছন্নতার মান আরও উন্নত করার জন্য সংশ্লিষ্টদের তাগিদ প্রদান করতে হবে।

আলোচ্যবিষয়-৫ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট/ফ্ল্যাট/বাড়ী বিক্রয়/বরাদ্দ/ইজারা প্রদান/হস্তান্তরের নীতিমালায় সেনাসদর কর্তৃক ছাড়পত্র গ্রহণের বিষয়টি বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ জানুয়ারি, ২০১৯ তারিখের ২৩.০১.৯০১. ০৪৪.০২.০৭১.০৯.২১.০১.১৯ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত 'সি' শ্রেণীভূক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ী/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৭/০৯/২০০০ তারিখের ১প্রকল্প-২/৯৯/ডি-৯/৪৪৪ নং পত্রের মাধ্যমে প্রণীত নীতিমালার আলোকে ডিজিএফআই এর নিরাপত্তা ছাড়পত্র গ্রহণপূর্বক ক্যাটনমেন্ট বোর্ডসভার সিদ্ধান্তক্রমে অনুমতি প্রদান করা হয়ে থাকে। সামরিক অফিসার আবাসিক প্রকল্পে প্লট/বাড়ীসহ প্লট/প্লটে নির্মিত ভবনের ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের নীতিমালায় প্রস্তাবিত ক্রেতার ডিজিএফআই/সেনাসদর কর্তৃক ছাড়পত্র গ্রহনের বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে। তাই ডিওএইচএস এর তুলনায় মূল সেনানিবাসের নিরাপত্তার বিষয়টি অধিকতর গুরুত্বপূর্ণ বিধায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট/বাড়ীসহ প্লট/ফ্ল্যাট হস্তান্তরের নীতিমালায় সেনাসদরের অনাপত্তি গ্রহণ বাধ্যতামূলক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ জানুয়ারি, ২০১৯ তারিখের ২৩.০১.৯০১. ০৪৪.০২.০৭১.০৯. ২১.০১.১৯ নং পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

৫.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট/ফ্ল্যাট/বাড়ী বিক্রয়/বরাদ্দ/ইজারা প্রদান/হস্তান্তরের (হেবা/দান ব্যতিত) ক্ষেত্রে সেনাসদরের অনাপত্তি গ্রহণপূর্বক সদর দপ্তর প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্যাটনমেন্ট বোর্ডসভার সিদ্ধান্তক্রমে অনুমতি প্রদান করতে হবে।

৫.২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রণীত নীতিমালায় সেনাসদরের অনাপত্তি গ্রহণের বিষয়টি অন্তর্ভূক্ত করে সংশোধিত নীতিমালা প্রনয়ণের জন্য পত্র প্রেরণ করতে হবে।

৫.৩। নীতিমালায় সংশোধন চূড়ান্ত হওয়ার পূর্ব পর্যন্ত ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট/ফ্ল্যাট/বাড়ী বিক্রয়/বরাদ্দ/ইজারা প্রদান/হস্তান্তরের (হেবা/দান ব্যতিত) অনুমোদনের ক্ষেত্রে সেনাসদরের অনাপত্তি গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর অনুমতি ঃ

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৬/বি (৬ষ্ঠ তলা), রোড নং-৫.(নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক ও আহমেদ সাদাত মোমেন, পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিঃ (জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, পিতা-মরহুম এস বি জামান গং এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-৩৮৭, রোড নং-২৯, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১০ সেপ্টেম্বর ২০১৮। | শাহিদা সুলতানা কবীর, পিতা-মোঃ রুহুল আমিন, স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এনামুল কবীর, বাড়ী নং-৩৬, ফ্ল্যাট নং-৬/বি (৬ষ্ঠ তলা), রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৯/০১/২০১৯ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১২১.০১.২৯.০১.১৯-১০০৫১৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২০৫০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৬ (৫ম তলা উত্তর-পশ্চিম), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস ফেরদৌসী আমিন, স্বামী-ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-১৬, সড়ক নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।<br>তারিখ-০২ ডিসেম্বর ২০১৮। | (১) লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী, পিতা-মৃত মোবাশ্বের আলী, ও (২) শাহপার নিপা, স্বামী-লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী, ১৫৬/৩,অফিসার্স কোয়ার্টার্স, স্টাফ রোড, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ১০/০১/২০১৯ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.১০.০১.১৯-১০০৯২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | প্লট নং-২৩/বি, ফ্ল্যাট নং-৪০১ (৪র্থ তলা) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আসমা হায়দার, স্বামী-মৃত মমিনুল হায়দার চৌধুরী, বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৩০১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।<br>তারিখ-০৯ সেপ্টেম্বর ২০১৬। | জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, পিতা-মোহাম্মদ বুজরত আলী, বর্তমান ঠিকানা বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৪০১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ৩১/০৭/২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩০২৮.০১.৩০.০৭.১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৪০০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ। উক্ত প্লট বরাদ্দের অতিরিক্ত ৬৩১ বর্গফুট জমি দখলে রয়েছে |

আলোচনা ঃ

৬.১। ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ঠ ৩৬ নং প্লটের মালিক জনাব জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের গং, সর্বপিতা-মরহুম এসবি জামান। উক্ত প্লটে ডেভেলপার কোম্পানী মোমেন রিয়েল এষ্টেট লিঃ কর্তৃক ১২(বার) টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত বাড়ীর ডেভেলপার এর অংশের ৬ষ্ঠ তলার ২০৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৬/বি নং ফ্ল্যাট, নিচতলায় ০১(একই)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক ও আহমেদ সাদাত মোমেন, পরিচালক, মোমেন রিয়েল এস্টেটস লিঃ (জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, পিতা-মরহুম এস বি জামান গং এর নিযুক্তীয় আম-মোক্তার) উক্ত ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতা শাহিদা সুলতানা কবীর, পিতা-মোঃ রুহুল আমিন, স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এনামুল কবীর, বর্তমান ঠিকানা-বাড়ী নং-৩৬, ফ্ল্যাট নং-৬/বি (৬ষ্ঠ তলা), রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে জন্য ১০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/প্লট নং-৩৬/ফ্ল্যাট নং-৬/বি(৬ষ্ঠ তলা)/৩০ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ২৯ জানুয়ারি ২০১৯ তারিখের ২৩.০১.৯০১. ৮০০.০২.১২১.০১.২৯.০১.১৯.১০০৫১৯ নং পত্রে প্রস্তাবিত ক্রেতার অনুকুলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ৬৮৭৫ বর্গফুট বা ৯.৫৪ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লটের মালিক হাজী ফুল মিয়া, পিতা-মরহুম চাঁন মিয়া। উক্ত প্লট ২০(বিশ) ফ্ল্যাট বিশিষ্ট ০৬ তলা ভবন নির্মাণ করা হয়। নির্মিত বাড়ীর ৫ম তলার উত্তর-পশ্চিম পার্শ্বের ১৩৫০ বর্গফুট বিশিষ্ট ১৬ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ মিসেস ফেরদৌসী আমিন, স্বামী-ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন ক্রয়সূত্রে মালিক। তিনি উক্ত ফ্ল্যাটটি নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী, পিতা-মৃত মোবাশ্বের আলী ও (২) শাহপার নিপা, স্বামী-লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ০২ ডিসেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৩/ফ্ল্যাট নং-১৬/(৫ম তলা উত্তর-পশ্চিম)/৫৬ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতাদ্বয়ের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ২২ জুন, ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১২১.০১.১০. ০১.১৯-১০০৯২১ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৬.৩। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ৯৬১২ বর্গফুট বা ৯.৬০ কাঠা জমি বিশিষ্ট ২৩/বি নং প্লটের মালিক মিসেস ফজিলাতুন নেছা গজনবী, স্বামী-মরহুম আমির জং ওরফে মোঃ গজনবী। উক্ত প্লট ২০(বিশ) ফ্ল্যাট বিশিষ্ট ০৬ তলা ভবন নির্মাণ করা হয়। নির্মিত বাড়ীর ৪র্থ তলার ১৪০০ বর্গফুট বিশিষ্ট ৪০১ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ মিসেস আসমা হায়দার স্বামী-মৃত মমিনুল হায়দার ক্রয়সূত্রে মালিক। তিনি উক্ত ফ্ল্যাটটি, নিচতলায় ১টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, পিতা-মোহাম্মদ বুজরত আলী, বর্তমান ঠিকানা বাড়ী নং-২৩/বি, ফ্ল্যাট নং-৪০১, রোড নং-২/এ, ক্যান্টনমেন্ট

বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ০৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৪ ডিসেম্বর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৩/বি/ফ্ল্যাট নং-৪০১(৪র্থ তলা)/৪৩ নং পত্রে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ৩১ জুলাই ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৪.০১.৩০.০৭.১৭-১০০৯২১ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লট বরাদ্দের অতিরিক্ত ৬৩১ বর্গফুট জমি দখলে রয়েছে। অতিরিক্ত জমির বিষয়ে প্রস্তাবিত ক্রেতা লীজ দলিল অনুযায়ী বরাদ্দকৃত জমি ভোগ দখল করবেন এবং ভবিষ্যতে উক্ত জমির ক্যান্টনমেন্ট বোর্ডের যে কোন সিদ্ধান্ত মেনে চলতে বাধ্য থাকবেন মর্মে নোটারীকৃত হলফনামা অত্র দপ্তরে দাখিল করেছেন।

সিদ্ধান্ত ঃ

৬.১। ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | প্লট ও ফ্ল্যাট নং | প্রস্তাবিত ক্রেতার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৬/বি (৬ষ্ঠ তলা), রোড নং-৫.(নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম শাহিদা সুলতানা কবীর<br>স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এনামুল কবীর | |
| ২. | প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৬ (৫ম তলা উত্তর-পশ্চিম), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী<br>পিতা-মৃত মোবাশ্বের আলী<br>(২) শাহপার নিপা<br>স্বামী-লেঃ কর্ণেল ডাঃ নাদিম পারভেজ আলী | যৌথনামে অচিহ্নিত ও অবিভক্ত অবস্থায় |
| ৩. | প্লট নং-২৩/বি, ফ্ল্যাট নং-৪০১ (৪র্থ তলা) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম<br>পিতা-মোহাম্মদ বুজরত আলী | উক্ত প্লট বরাদ্দের অতিরিক্ত ৬৩১ বর্গফুট জমি দখলে রয়েছে বিধায় বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো না। |

৬.২। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ২৩/বি নং প্লটে বরাদ্দের অতিরিক্ত ৬৩১ বর্গফুট জমি দখলে থাকায় উক্ত প্লটের ৪০১ (৪র্থ তলা) নং ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাটসমূহ নামজারী অনুমতি প্রসংগে ঃ

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২০. ফ্ল্যাট নং-এবি/৬(পূর্ব পার্শ্ব বিল্ডিং) রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুন নেছা বেগম,স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা-মোঃ ফখরুল ইসলাম, বাড়ী নং- ২০. ফ্ল্যাট নং-এবি/৬(পূর্ব পার্শ্ব বিল্ডিং) রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৩ ফেব্রুয়ারি ২০১৯ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমুলে | ২০ জানুয়ারি ২০১৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-এবি/৬/(৭ম তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং )/৪৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ৩৪০০ বর্গফুট ০১ টি ফ্ল্যাট, মেজমেন্ট ০২ (দুই) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ২. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) গং বাড়ী নং-৪৬, রোড নং-১০ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা-মোঃ ফখরুল ইসলাম, বাড়ী নং- ৪৬, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।। তারিখ-১৩ ফেব্রুয়ারি ২০১৯ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমুলে | ২০ জানুয়ারি ২০১৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-এ/৫(৬ষ্ঠ তলা পূর্ব পার্শ্ব)/৪৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৯২০ বঃফুঃ, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত ৩১ বর্গফুট জমি বিষয়ে প্লট মালিক হলফনামা দাখিল করেছেন। |
| ৩. | প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৯(৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আফসানা বিলকিস দীপ্তি স্বামী-মোঃ নাজমুছ সাদাত সেলিম বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-১৯, রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব হাসান ইকবাল পিতা-আলহাজ্ব মোঃ আমীর হোসেন, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-১৯, রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-০৯/১২/২০১৮ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমুলে | ০১ আগষ্ট, ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৩/ফ্ল্যাট নং-১৯/(৬ষ্ঠ তলা দক্ষিণ পশ্চিম)/৬৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বঃফুঃ, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-বি/৪ (৫ম তলা উত্তর-পূর্ব),রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) গং বাড়ী নং-৪৬, রোড নং-১০ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস নিলুফার হক,স্বামী-মোঃ নুরুল হক প্রধান, বাড়ী নং-৪৬, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।। তারিখ-০১/০৯/২০১৬ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমূলে | ২০ মার্চ ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-বি/৪(৫ম তলা উত্তর-পূর্ব পার্শ্ব)/২৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২২৬০ বঃফুঃ, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত ৩১ বর্গফুট জমি বিষয়ে প্লট মালিক হলফনামা দাখিল করেছেন। |

আলোচনা ঃ

৭.১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ১০৮৯০ বর্গফুট বা ১৫.২৫ কাঠা জমি বিশিষ্ট ২০ নং প্লটের মালিক মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ। উক্ত প্লটে পূর্বাংশে ১২.৫০ কাঠা জমির উপর ডেভেলপার কর্তৃক ২৪(চব্বিশ)টি ফ্ল্যাট বিশিষ্ট ০২ টি ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত বাড়ীর ডেভেলপার এর অংশের ৭ম তলার (পূর্ব পার্শ্বের বিল্ডিং) ৩৪০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এবি/৬ নং ফ্ল্যাট, মেজমেন্টে ০২(দুই) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ অত্র দপ্তরের ২১ জানুয়ারি ২০১৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-এবি/৬/(৭ম তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং)/৫৯ নং পত্রে প্রস্তাবিত ক্রেতা জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা-মোঃ ফখরুল ইসলাম এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিলমূলে রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মিসেস মেহেরুননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ কর্তৃক উক্ত ফ্ল্যাটটির খসড়া দলিল ভেটিং করে প্রস্তাবিত ক্রেতার নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৭.২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৪৬ নং প্লটের মালিক লেঃ কর্ণেল মোঃ নুরুল হক(অবঃ) এবং গং, পিতা-মৃত কালু মিয়া। উক্ত প্লটে ডেভেলপার কর্তৃক ১৫(পনের)টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত বাড়ীর ডেভেলপার এর অংশের ৬ষ্ঠ তলার দক্ষিণ-পূর্ব পার্শ্বের ১৯২০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ অত্র দপ্তরের ২১ জানুয়ারী ২০১৯ তারিখের ঢাকাবো/ ক্যাঃবাঃএঃ/৪৬/ফ্ল্যাট নং-এ/৫(৬ষ্ঠ তলার দক্ষিণ-পূর্ব পার্শ্ব)/৬১ নং পত্রে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা-মোঃ ফখরুল ইসলাম এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিলমূলে রেজিষ্ট্রিশন করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) এবং গং জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা-মোঃ ফখরুল ইসলাম এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য উক্ত প্লটে ৩১ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে রয়েছে। অতিরিক্ত জমির বিষয়ে প্লট মালিক নোটারীকৃত হলফনামা দাখিল করেছেন।

৭.৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৬৮৭৫ বর্গফুট বা ৯.৫৪ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লটের মালিক হাজী ফুল মিয়া, পিতা-মরহুম চাঁন মিয়া। উক্ত প্লটে ২০(বিশ) টি ফ্ল্যাট বিশিষ্ট ৬(ছয়) তলা ভবন নির্মাণ করা হয়। নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার দক্ষিণ-পশ্চিম পার্শ্বের ১৩৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ১৯ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ ক্রয়সূত্রে মালিক মিসেস আফসানা বিলকিস দীপ্তি,স্বামী-মোঃ নাজমুস সাদাত সেলিম। উক্ত ফ্ল্যাটটি অত্র দপ্তরের ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৩/ফ্ল্যাট নং-১৯(৬ষ্ঠ তলা দক্ষিণ পশ্চিম)/৭৮ নং পত্রে প্রস্তাবিত ক্রেতা জনাব হাসান ইকবাল, পিতা-আলহাজ্ব মোঃ আমীর হোসেন এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিলমূলে রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস আফসানা বিলকিস দীপ্তি কর্তৃক প্রস্তাবিত ক্রেতা জনাব হাসান ইকবাল, পিতা-আলহাজ্ব মোঃ আমীর হোসেন এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ০৯ ডিসেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

৭.৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৪৬ নং প্লটের মালিক লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) এবং গং, পিতা-মৃত কালু মিয়া। উক্ত প্লটে ডেভেলপার কর্তৃক ১৫(পনের)টি ফ্ল্যাট বিশিষ্ট ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত বাড়ীর ডেভেলপার এর অংশের ৫ম তলার উত্তর-পূর্ব পার্শ্বের ২২৬০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৪ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ অত্র দপ্তরের ২৬ এপ্রিল ২০১৬ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃএঃ/৪৬/ফ্ল্যাট নং-বি/৪(৫ম তলা উত্তর-পূর্ব পার্শ্ব)/৩৮ নং পত্রে মিসেস নিলুফার হক, স্বামী-

নুরুল হক প্রধান এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিলমূলে রেজিষ্ট্রিশন করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) কর্তৃক প্রস্তাবিত ক্রেতা মিসেস নিলুফার হক, স্বামী-নুরুল হক প্রধান এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য উক্ত প্লটে ৩১ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে রয়েছে। অতিরিক্ত জমির বিষয়ে প্লট মালিক নোটারীকৃত হলফনামা দাখিল করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত ফ্ল্যাটগুলো রেজিস্ট্রিকৃত দলিলমূলে সংশ্লিষ্ট ক্রেতাগণের নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিস্তারিত বিবরণ | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা |
|---|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-এবি/৬(পূর্ব পার্শ্ব বিল্ডিং) রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ফ্ল্যাটের আয়তন ৩৪০০ বর্গফুট, নিচতলায় ০২(দুই) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম পিতা-মোঃ ফখরুল ইসলাম |
| ২. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-এ/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ফ্ল্যাটের আয়তন ১৯২০ বর্গফুট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম পিতা-মোঃ ফখরুল ইসলাম |
| ৩. | প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৯(৬ষ্ঠ তলা দক্ষিণ-পশ্চিম), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বর্গফুট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ | জনাব হাসান ইকবাল পিতা-আলহাজ্ব মোঃ আমীর হোসেন |
| ৪. | প্লট নং-৪৬, ফ্ল্যাট নং-বি/৪ (৫ম তলা উত্তর-পূর্ব),রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ফ্ল্যাটের আয়তন ২২৬০ বর্গফুট, নিচতলায় ০১(এক) টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ | মিসেস নিলুফার হক স্বামী-মোঃ নুরুল হক প্রধান |

আলোচ্যবিষয়-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১৩৮ বর্গফুট বা ৯.৯১ কাঠা জমি বিশিষ্ট ২৬/সি নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৪র্থ তলার ১৮০০ বর্গফুট আয়তন বিশিষ্ট সি/৩ নং ফ্ল্যাটটির মালিক মেজর (অবঃ) হাসনে বানু মৃত্যুবরণ করায় উক্ত ফ্ল্যাটটি তাঁর ০৪(চার) জন ওয়ারিশের নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১৩৮ বর্গফুট বা ৯.৯১ কাঠা জমি বিশিষ্ঠ ২৬/সি নং প্লটের নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৪র্থ তলার ১৮০০ (এক হাজার আটশত) বর্গফুট আয়তন বিশিষ্ট সি/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক) টি কার পার্কিং স্থান এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমির ও অন্যান্য সুবিধাদিসহ ক্রয়সূত্রে মালিক মেজর (অবঃ) হাসনে বানু, স্বামী-লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ। তিনি ১৯ মে ২০১৩ তারিখে মৃত্যুবরণ করেছেন এবং মৃত্যুকালে তিনি ০৩ (তিন) কন্যা ও ০১(এক) পুত্রসহ মোট ৪(চার) জন ওয়ারিশ যথাক্রমে (১) রুবিনা খালিদ (২) শেখ সাইফুল ফাতাহ খালিদ (৩) রুখসানা হোসেন ও (৪) ফারজানা খালিদ রেখে গেছেন এবং উক্ত ফ্ল্যাটটি তাঁদের নামে যৌথভাবে নামজারী করার জন্য উত্তরাধিকারী সনদপত্রসহ ০৪ নভেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উত্তরাধিকারীগনের নামে ফ্ল্যাটটি নামজারীর বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামতের জন্য প্রেরণ করা হলে ২৬/সি নং প্লটে নির্মিত বাড়ীর ১৮০০ আয়তন বিশিষ্ট সি/৩ নং ফ্ল্যাট, নীচতলায় ০১টি কারপার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ উত্তরাকারীগনের মধ্যে যৌথভাবে নামজারীতে কোন আইনগত বাধা নেই মর্মে মতামত প্রদান করেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। এমতাবস্থায় উক্ত ফ্ল্যাটটি উত্তরাধিকারীগণের নামে যৌথভাবে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত উত্তরাধিকারী সনদের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭১৩৮ বর্গফুট বা ৯.৯১ কাঠা জমি বিশিষ্ট ২৬/সি নং প্লটের নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৪র্থ তলার ১৮০০ (এক হাজার আটশত) বর্গফুট আয়তন বিশিষ্ট সি/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক) টি কার পার্কিং স্থান এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমির ও অন্যান্য সুবিধাদিসহ নিম্নবর্ণিত ওয়ারিশগণের নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র নং | নাম, পিতা ও মাতার নাম |
|---|---|
| ১. | জনাবা রুবিনা খালিদ, পিতা-লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ, মাতা-মেজর (অবঃ) হাসনে বানু |
| ২. | জনাব শেখ সাইফুল ফাতাহ খালিদ, পিতা-লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ, মাতা-মেজর (অবঃ) হাসনে বানু |
| ৩. | জনাবা রুখসানা হোসেন, পিতা-লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ, মাতা-মেজর (অবঃ) হাসনে বানু |
| ৪. | জনাবা ফারজানা খালিদ, পিতা-লেঃ কর্ণেল আবু মোঃ খালেদ, মাতা-মেজর (অবঃ) হাসনে বানু |

আলোচ্যবিষয়-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৮/বি নং প্লটে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীর ০৪(চার) টি ফ্ল্যাট হেবা/দানপত্র দলিলমূলে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৮/বি নং প্লটের নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীর মালিক জনাব মোঃ আব্দুল হাফিজ, পিতা-আলহাজ্ব মোঃ আব্দুল গফ্ফার। উক্ত প্লটে নির্মিত বাড়ীর ০৩(তিন) টি ফ্ল্যাট তাঁর ০৩ পুত্রকে হেবা/দান করার জন্য অত্র দপ্তরের ২৮ অক্টোবর ২০০৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৮/বি/১৭১ নং পত্রে এবং ০১(এক) টি ফ্ল্যাট এক কন্যাকে দান/হেবা করার জন্য ৩০ অক্টোবর ২০১১ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৮/বি/২য়তলা/১৯৩ নং অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে প্লট মালিক তাঁদের নামে হেবা/দানসূত্রে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। এমতাবস্থায় ফ্ল্যাটসমূহের হেবা/দানসূত্রে মালিকগণ নিম্নোক্তভাবে নামজারীর জন্য ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন ঃ-

| ক্র/নং | আবেদনকারীর নাম | প্লট নং | ফ্ল্যাট ও তলা | আয়তন | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| ১. | মিসেস শ্যামা মোস্তফা | ৬৮/বি | ২য় তলা | ২৬৪২ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ২. | জনাব মোঃ আব্দুল বারী | ৬৮/বি | ৩য় তলা | ২৬৪৫.৫৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৩. | জনাব মোঃ আব্দুল ওয়াসেক | ৬৮/বি | ৪র্থ তলা | ২৮৭৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৪. | জনাব মোঃ আব্দুল লতিফ সর্বপিতা-মোঃ আব্দুল হাফিজ | ৬৮/বি | ৫ম তলা | ২৮৭৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |

উক্ত ফ্ল্যাটসমূহ রেজিষ্ট্রিকৃত হেবা/দানপত্র দলিলমূলে নামজারীর বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৮/বি নং প্লটে নির্মিত ০৫(পাঁচ) তলা বাড়ীর ০৪(চার) টি ফ্ল্যাট হেবা/দানপত্র দলিলমূলে নিম্নোক্তভাবে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | আবেদনকারীর নাম | প্লট নং | ফ্ল্যাট ও তলা | আয়তন | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| ১. | মিসেস শ্যামা মোস্তফা | ৬৮/বি | ২য় তলা | ২৬৪২ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ২. | জনাব মোঃ আব্দুল বারী | ৬৮/বি | ৩য় তলা | ২৬৪৫.৫৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৩. | জনাব মোঃ আব্দুল ওয়াসেক | ৬৮/বি | ৪র্থ তলা | ২৮৭৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৪. | জনাব মোঃ আব্দুল লতিফ সর্বপিতা-মোঃ আব্দুল হাফিজ | ৬৮/বি | ৫ম তলা | ২৮৭৫ বর্গফুট | আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |

আলোচ্যবিষয়-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৪৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর মালিকগনের ০৪(চার) টি ফ্ল্যাট বন্টননামা দলিলমূলে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৪৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর মালিকগনের নিম্নোক্ত ০৪(চার) টি ফ্ল্যাট বন্টননামা দলিলমূলে নামজারী করার জন্য গত ১৮ আগস্ট ২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন ঃ-

| ক্র/নং | ফ্ল্যাট মালিকের নাম | প্লট নং | ফ্ল্যাট নং ও তলা | আয়তন | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল হাসনাত | ৪৬ | বি-৬ (৭ম তলা দক্ষিণ) | ১৯২০ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ২. | জনাব মোঃ সাজেদুল হক | ৪৬ | বি-২ (৩য় তলা উত্তর-পশ্চিম) | ১৩৫০ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৩. | জনাব মোঃ আবু তারেক সর্বপিতা-লেঃ কর্নেল মোঃ নুরুল হক (অবঃ) | ৪৬ | বি-১ (২য় তলা উত্তর পশ্চিম) | ১৩৫০ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৪. | লেঃ কর্নেল মোঃ নুরুল হক (অবঃ) পিতা-মরহুম কালু মিয়া | ৪৬ | সি-৩ (৪র্থ তলা দক্ষিণ) | ১৩২৫ বর্গফুট | নীচ তলায় ০১ টি কারপার্কিং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ |

উল্লেখ্য, উক্ত প্লটে ৩১ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে রয়েছে। অতিরিক্ত জমির বিষয়ে প্লট মালিক নোটারীকৃত হলফনামা দাখিল করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বন্টননামা দলিলমূলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং বাড়ীর (১) ৭ম তলার দক্ষিণ পার্শ্বের ১৯২০ বর্গফুট বিশিষ্ট বি-৬ নং ফ্ল্যাটটি জনাব মোঃ আবুল হাসনাত; (২) ৩য় তলার উত্তর-পশ্চিম পার্শ্বের ১৩৫০ বর্গফুট বিশিষ্ট বি-২ নং ফ্ল্যাটটি জনাব মোঃ সাজেদুল হক; (৩) ২য় তলার উত্তর-পশ্চিম পার্শ্বের ১৩৫০ বর্গফুট বিশিষ্ট বি-১ নং ফ্ল্যাটটি জনাব মোঃ আবু তারেক, সর্বপিতা-লেঃ কর্ণেল মোঃ নুরুল হক (অবঃ) এবং (৪) ৪র্থ তলার দক্ষিণ পার্শ্বের ১৩২৫ বর্গফুট বিশিষ্ট সি-৩ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল মোঃ নূরুল হক (অবঃ), পিতা-মরহুম কালু মিয়া-এর নামে নামজারী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১ঃ ডেভেলপার কোম্পানী ইনডেক্স কনস্ট্রাকশন লিমিটেড এর তালিকাভূক্তি ও ট্রেড লাইসেন্স বাতিল এবং অন্যান্য কার্যক্রম স্থগিত করার বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.২৭.০১.১৯.মিরপুর-৪৬০ ও ৪৬২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সভায় উত্থাপন করা হয় যে, ইনডেক্স কনষ্ট্রাকশন লিমিটেড নামীয় ডেভেলপার কোম্পানী মিরপুর ডিওএইচএস এলাকার ৪৬০ ও ৪৬২ নং যৌথ প্লটে বাড়ী নির্মাণ সংক্রান্ত জটিলতার বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১. ২৭.০১.১৯. মিরপুর-৪৬০ ও ৪৬২ নং পত্রে জানা যায় যে, প্লট মালিকের অভিযোগ ডেভেলপার কোম্পানী ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত নকশা ব্যত্যয় ঘটিয়ে বাড়ী নির্মাণ করেছে। অনুমোদিত নকশা অনুযায়ী ৮২ টি পাইলিং করার কথা থাকলেও মাত্র ৫৯ টি পাইলিং করা হয়েছে। এ বিষয়ে বাড়ীটি ঝুকিপূর্ণ কিনা তা পরীক্ষা করার জন্য এমআইএসটি'কে দায়িত্ব দেয়া হলে এমআইএসটি যে রির্পোট দিয়েছে তার অর্থ/ব্যাখ্যা হলো বাড়ীটি ঝুকিপূর্ণ। অন্যদিকে ডেভেলপার কোম্পানীর দাবী যে তারা প্লট মালিকের মৌখিক সম্মতিতে পাইলের ডায়া বাড়িয়ে পাইল সংখ্যা কমিয়েছে এবং সে অনুযায়ী সংশোধিত নকশা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা দিয়েছে ক্যান্টনমেন্ট বোর্ড রিভাইজড নকশা এখনও পাশ করেনি এবং বাড়ীটি ঝুকিপূর্ণ নয় বলে তারা দাবী করেছে। এসব বিবাদ নিয়ে মামলা মোকদ্দমারও উদ্ভব হয়েছে। ডিওএইচএস পরিষদ, ক্যান্টনমেন্ট বোর্ড এবং সেনাসদর উদ্ভূত জটিলতার বিষয়টি মধ্যস্থতার মাধ্যমে মিমাংসা করার চেষ্টা করেছে। এ বিষয়ে সেনাসদরে কয়েকটি শালিস বৈঠক হয়েছে। কিন্তু সম্প্রতি ইনডেক্স কনষ্ট্রাকশন লিমিটেড কোম্পানী তার ২০/০১/২০১৯ তারিখের একটি পত্রে সেনাসদরের বিরুদ্ধে অমার্জিত ভাষায় ভিত্তিহীন মিথ্যা অভিযোগ আনয়ন করেছে যা সেনাবাহিনীর মত প্রতিষ্ঠানের চরম মানহানিকর ও সুনাম ক্ষুন্নকর। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সেনাসদরের বর্ণিত স্মারকে উক্ত ব্যবসায়ীক প্রতিষ্ঠানের সাথে সকল প্রকার ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করার নির্দেশ প্রদান করেন। এছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা'তে উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল, সকল সেনানিবাস ও ডিওএইচএস এলাকা হতে উক্ত কোম্পানীর অফিস/গুদাম/মালামাল সরিয়ে নেয়ার নির্দেশ জারী এবং সার্বিক বিষয় জানিয়ে রিহ্যাব এ পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সেনাসদরের নির্দেশনা জরুরী ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সকল সদস্য একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ

১১.১। ডেভেলোপার কোম্পানী ইনডেক্স কনস্ট্রাকশন লিমিটেড-কে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত ডেভেলোপার তালিকাভূক্তি ও ট্রেড লাইসেন্স বাতিল করতে হবে। এছাড়াও অন্যান্য ক্যান্টনমেন্ট বোর্ড ও সেনানিবাসের অন্য কোন সংস্থায় উক্ত প্রতিষ্ঠানের নামে লাইসেন্স থাকলে তা জরুরী ভিত্তিতে বাতিলের জন্য সংস্থাসমূহকে পত্র প্রেরণ করতে হবে।

১১.২। সেনাসদরের নির্দেশনার আলোকে উক্ত ব্যবসায়ীক প্রতিষ্ঠানের সাথে সকল প্রকার ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করার জন্য সকল সেনানিবাসের অন্যান্য সংস্থায় পত্র প্রেরণ করতে হবে।

১১.৩। সকল সেনানিবাস ও ডিওএইচএস এলাকা হতে উক্ত কোম্পানীর অফিস/গুদাম/মালামাল সরিয়ে নেয়ার নির্দেশ জারী করতে হবে। এছাড়াও সেনানিবাসের অন্যান্য সংস্থা-কে এ নির্দেশনা জারীর করার জন্য পত্র প্রেরণ করতে হবে।

১১.৪। সার্বিক বিষয় জানিয়ে রিহ্যাব (REHAB)-এ পত্র প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১২ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ৭৬৮, ৯৭১, ১২৫৮ ও ১৩৪৮ নং বাড়ীর গৃহকর নির্ধারণ এবং বারিধারা ডিওএইচএস এলাকার ৩৩৫ নং প্লটে নির্মিত বাড়ীর ৩য় তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাট নং-২/বি এবং উত্তর পার্শ্বের ফ্ল্যাট নং-২/এ এর গৃহকর নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ও বারিধারা ডিওএইচএস এলাকার নিম্নোক্ত বাড়ী/ফ্ল্যাটের স্বনির্ধারনী পদ্ধতিতে গৃহকর নির্ধারণ প্রসংগে ঃ-

| ক্র নং | প্লট নং | প্লট মালিকের নাম | নকশা অনুমোদওনের তারিখ | মালিকের চাহিদা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ৩৩৫ বারিধারা | মেজর মোহাম্মদ শফিক উল্লাহ (অবঃ)। | ০২/৪/২০০১ | ২/এ এবং ২/বি ফ্ল্যাট ০২টি ২০০৮ সাল হতে গৃহকর নির্ধারণ করার জন্য | ডেভেলপার কোম্পানী বাড়ীর কাজ অসম্পূর্ণ রেখে পলায়ন করেন এবং বাড়ীর মালিক হার্ট এ্যাটাক করে মারা যান। |
| ২. | ৭৬৮ মিরপুর | বাছিতা আকবর গং | ২৮/২/২০১৩ | আবাসিক বিদ্যুৎ সংযোগের তারিখ অর্থ্যাৎ ১/১/২০১৯ হতে গৃহকর নির্ধারণ করার জন্য | বোর্ড সিদ্ধান্তে নকশা অনুমোদনের তারিখ হতে ৩৬ মাস বাদ দিয়ে ০১/৫/২০১৬ হতে ৩০/৬/২০১৯ পর্যন্ত জরিমানাসহমোট = ১,৪৪,১৩০/- টাকা গৃহকর নির্ধারণ করা হয়। |
| ৩. | ৯৭১ মিরপুর | ব্রিগেঃ জেনাঃ এ বি এম গোলাম মুস্তফা (অবঃ)। | ১৪/১০/২০১৫ | ২০১৮-২০১৯ সন হতে গৃহকর নির্ধারণ করার জন্য | ডেভেলপার ১২ মে ২০১৮ তারিখে বাড়ী হস্তান্তর করে। |
| ৪. | ১২৫৮ মিরপুর | মেজর (অবঃ) নজরুল ইসলাম | ০৯/০৯/ ২০১৩ | এপ্রিল ২০১৭ তারিখ হতে বসবাস শুরু করেছেন | সরেজমিনে পরিদর্শন করে জানা গেছে নভেম্বর ২০১৭ হতে ভাড়াটিয়া এবং মার্চ ২০১৭ হতে মালিক নিজে বসবাস করছেন। |
| ৫. | ১৩৪৮ মিরপুর | মেজর শেখ আসাদ আলী | ০৬/২/ ২০১৪ | সারচার্জ মওকুফ এবং ২০/৯/২০১৭ তারিখ হতে গৃহকর নর্ধিারণ | বোর্ড সিদ্ধান্তে নকশা অনুমোদনের তারিখ হতে ৩৬ মাস বাদ দিয়ে ৭/২/২০১৭ হতে ৩০/৬/২০১৯ পর্যন্ত জরিমানাসহ ১,০০,২৮১/-টাকা গৃহকর নির্ধারণ করা হয়। |

সিদ্ধান্ত ঃ মিরপুর ও বারিধারা ডিওএইচএস এর উপরোক্ত বাড়ী/ফ্ল্যাটসমূহের গৃহকর নির্ধারণের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের ট্যাক্স কালেক্টর কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার উক্ত প্রতিবেদনসহ গৃহকর নির্ধারণের বিষয়ে আগামী বোর্ড সভায় উপস্থাপন করবেন।

আলোচ্যবিষয়-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কিচেন মার্কেটের নিচতলায় ৬৮ নং দোকানের ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নির্মিতব্য কিচেন মার্কেটে দোকান বরাদ্দের জন্য ৩১ মে ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হলে জনাব মহিউদ্দিন, পিতা-মোহাম্মদ উল্লাহ ভূইয়া কর্তৃক নীচতলার মুরগী-৬৮ নং দোকানের জন্য সর্বোচ্চ ১৬,০০,৫০০/-টাকার দর দাখিল করেন। তিনি সর্বোচ্চ দরদাতা হওয়ায় অত্র দপ্তরের ১০ জুলাই ২০১৮ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/কিচেন মার্কেট/নীচতলা/মুরগী-৬৮/৯ নং পত্রে দোকানের সালামীর টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। পারিবারিক অর্থনেতিক সমস্যার কারণে দোকানটি কিস্তি পরিশোধ করা সম্ভব হচ্ছে না বিধায় জামানত হিসেবে জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরত চেয়ে গত ২২ জানুয়ারি ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দোকান বরাদ্দের নীতিমালা অনুযায়ী রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কিচেন মার্কেটের নিচতলায় ৬৮ নং দোকানের নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৪ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৪(চার) টি দোকানের বরাদ্দলাভকারীগণ দোকানসমূহ বিক্রয়/ হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নিম্নেবর্ণিত দোকানের বরাদ্দলাভকারীগণ দোকানসমূহ বিক্রয়/হস্তান্তরের জন্য আবেদন করেছেন ঃ-

| ক্র/নং | দোকান নং | দোকান বরাদ্দলাভকারীর নাম | প্রস্তাবিত ক্রেতার নাম | আবেদনের তারিখ | দোকানের মূল্য | পরিশোধিত মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ১ম তলা-৪৪ | মোঃ সেন্টু তালুকদার পিতা- হাজী মতিউর রহমান তালুকদার | মিসেস সামসুন নাহার পিতা- মোঃ সহির উদ্দিন মোল্লা | ৩০/০১/১৯ | ৩০,৬৩,০২০/- | ৩০,৬৩,০২০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২। | ৪র্থ তলা-২৬/এ | কে এম শাখাওয়াত মুন<br>পিতা-মোহাঃ মিয়াজ উদ্দিন খান | মোঃ সালাউদ্দিন<br>পিতা- মোঃ আলাউদ্দিন | ১৯/১১/১৮ | ১২,৮৩,৬০৪/- | ১২,৮৩,৬০৪/- |
| ০৩। | ২য় তলা-০১ ও ৪র্থ তলা-২৪ | ব্রিগেঃ জেনাঃ মোঃ তওফিকুল আনাম, পিতা- মরহুম আঃ আজিজ | মেজর মোঃ শোয়েব<br>পিতা- মরহুম আব্দুস সাত্তার | ২৩/১০/১৮ | ২৯,৬৭,৮৮২/-<br>২৬,৫৪,১৬৮/- | ২৯,৬৭,[illegible]২/-<br>২৬,৫৪,১৬৮/- |

উক্ত দোকানসমূহের নির্ধারিত সমুদয় সালামী পরিশোধ আছে। পরিশোধিত সালামীর উপর ১৫% ভ্যাট এবং ৪% উৎসকর পৃথক টিআর চালানের মাধ্যমে অত্র দপ্তরে জমা করায় প্রতিটি দোকানের জন্য হস্তান্তর অনুমতি ফি-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জমা করতে হবে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নিম্নেবর্ণিত দোকানের বরাদ্দলাভকারীগণ দোকানের সালামীর সমুদয় অর্থ পরিশোধ করায় প্রতি দোকানের জন্য হস্তান্তর ফি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হারে জমা সাপেক্ষে দোকানসমূহ বিক্রয়/হস্তান্তন্তের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | দোকান নং | দোকান বরাদ্দলাভকারীর নাম | প্রস্তাবিত ক্রেতার নাম | আবেদনের তারিখ | দোকানের মূল্য | পরিশোধিত মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ১ম তলা-৪৪ | মোঃ সেন্টু তালুকদার<br>পিতা- হাজী মতিউর রহমান তালুকদার | মিসেস সামসুন নাহার<br>পিতা- মোঃ সহির উদ্দিন মোল্লা | ৩০/০১/১৯ | ৩০,৬৩,০২০/- | ৩০,৬৩,০২০/- |
| ০২। | ৪র্থ তলা-২৬/এ | কে এম শাখাওয়াত মুন<br>পিতা-মোহাঃ মিয়াজ উদ্দিন খান | মোঃ সালাউদ্দিন<br>পিতা- মোঃ আলাউদ্দিন | ১৯/১১/১৮ | ১২,৮৩,৬০৪/- | ১২,৮৩,৬০৪/- |
| ০৩। | ২য় তলা-০১ ও ৪র্থ তলা-২৪ | ব্রিগেঃ জেনাঃ মোঃ তওফিকুল আনাম, পিতা- মরহুম আঃ আজিজ | মেজর মোঃ শোয়েব<br>পিতা- মরহুম আব্দুস সাত্তার | ২৩/১০/১৮ | ২৯,৬৭,৮৮২/-<br>২৬,৫৪,১৬৮/- | ২৯,৬৭,৮৮২/-<br>২৬,৫৪,১৬৮/- |

**আলোচ্যবিষয়-১৫ঃ** মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার ২০ নং দোকানের বরাদ্দসূত্রে মালিক ব্রিগেঃ জেনাঃ সাইফুল আলী (অবঃ)। তিনি মৃত্যুবরণ করায় তাঁর উত্তরাধিকারীদের নামে নামজারীকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার ২০ নং দোকানটি ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলম, এনডিসি, পিএসসি, (অবঃ) কর্তৃক সমুদয় সালামীর অর্থ পরিশোধ করায় তাঁর নামে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত দোকানটির বরাদ্দলাভকারী ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) মৃত্যুবরণ করায় তাঁর স্ত্রী বেগম রোকসানা সাইফ ওয়ারিশান সনদপত্র, মৃত্যুসনদপত্র, হলফনামা ও অন্যান্য কাগজপত্রাদিসহ নিম্নবর্ণিত ওয়ারিশগণের নামে নামজারী করার জন্য গত ১৩ নভেম্বর, ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন ঃ-

| ক্র/নং | উত্তরাধিকারীগণের নাম |
|---|---|
| ১। | রোকসানা সাইফ, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |
| ২। | সালেহীন তানভীর আলী, পিতা- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |
| ৩। | সাকিব ইমরান আলী, পিতা- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |

উল্লেখ্য, উত্তরাধিকারীসূত্রে হস্তান্তরের ক্ষেত্রে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং নামজারী ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা গ্রহণ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উত্তরাধিকারী সনদপত্রের প্রেক্ষিতে এবং হস্তান্তর ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং নামজারী ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা গ্রহণ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৬ষ্ঠ তলার ২০ নং দোকানটি ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী, এনডিসি, পিএসসি, (অবঃ)-এর নিম্নবর্ণিত উত্তরাধিকারীগণের নামে নামজারী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | উত্তরাধিকারীগণের নাম |
|---|---|
| ১। | রোকসানা সাইফ, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |
| ২। | সালেহীন তানভীর আলী, পিতা- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |
| ৩। | সাকিব ইমরান আলী, পিতা- ব্রিগেডিয়ার জেনারেল সাইফুল আলী (অবঃ) |

**আলোচ্যবিষয়-১৬ঃ** মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার-২৫, ৩য় তলার-৩২, ৪র্থ তলার-২৫, ৫ম তলার-২৫, ৮ম তলার-১৫ ও ১৬ এবং ৯ম তলার-১৪ নং দোকানের ইজারা কার্যক্রম বাতিল ও জামানতের টাকা ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নিম্নোক্ত দোকানসমূহের সালামীর টাকা পরিশোধ না করায় ইজারা বাতিল ও জামানত ফেরতের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো ঃ-

| দোকান নং | দোকান ইজারা কারীর নাম | মোট সালামী | পরিশোধিত সালামী | পাওনা সালামী | জামানত |
|---|---|---|---|---|---|
| ১ম তলা-২৫ | মিসেস আরমান হাবিব<br>পিতা- নুরুল আহসান | ৩০,৭৩,০৫০.০০ | ৭,৬৮,২৬২.০০ | ২৩,০৪,৭৮৮.০০ | ৫০,০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩য় তলা-৩২ | মোঃ গোলাম সারোয়ার ও নাহিদ সরকার | ১,৩৭,১৭,৫৪৪.০০ | ০.০০ | ১,৩৬,১৭,৫৪৪.০০ | ১০০০০০.০০ |
| ৪র্থ তলা-২৫ | জনাব মাইনুল ইসলাম | ৩৫,৬৮,৬১৭.০০ | ০.০০ | ৩৪,৬৮,৬১৭.০০ | ১০০০০০.০০ |
| ৫ম তলা-২৫ | মোঃ মসনুস সালেহীন চৌধুরী<br>পিতা- মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী | ১৭,৭৯,৫৭৫.০০ | ৮,৮৯,৭৮৮.০০ | ৮,৩৯,৭৮৭.০০ | ৫০০০০.০০ |
| ৮ম তলা-১৫ | জাফর ইকবার সিদ্দিকী | ৩২,৩৬,২৬২.০০ | ০.০০ | ৩১,৩৬,২৬২.০০ | ১০০০০০.০০ |
| ৮ম তলা-১৬ | জাফর ইকবার সিদ্দিকী | ৩০,৪৭,০৬২.০০ | ০.০০ | ২৯,৪৭,০৬২.০০ | ১০০০০০.০০ |
| ৯ম তলা-১৪ | মিসেস আকিল আক্তার চৌধুরী<br>পিতা- মরহুম মোঃ আব্দুল বাসেত চৌধুরী | ৪২,৩৩,৬০০.০০ | ৫,২৯,২০০.০০ | ৩৬,০৪,৪০০.০০ | ১০০০০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নিম্নোক্ত দোকানসমূহের সালামীর টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ না করায় দোকান বরাদ্দের নীতিমালা অনুযায়ী জমাকৃত নিরাপত্তা জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্তসহ জমাকৃত সালামীর ১০% কর্তন সাপেক্ষে দোকান বরাদ্দের ইজারা বাতিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট জমাকৃত সালামীর টাকা সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত প্রদান করতে হবে ঃ-

| দোকান নং | দোকান ইজারা কারীর নাম | মোট সালামী | পরিশোধিত সালামী | পাওনা সালামী | জামানত |
|---|---|---|---|---|---|
| ১ম তলা-২৫ | মিসেস আরমান হাবিব<br>পিতা- নুরুল আহসান | ৩০,৭৩,০৫০.০০ | ৭,৬৮,২৬২.০০ | ২৩,০৪,৭৮৮.০০ | ৫০,০০০.০০ |
| ৩য় তলা-৩২ | মোঃ গোলাম সারোয়ার ও নাহিদ সরকার | ১,৩৭,১৭,৫৪৪.০০ | ০.০০ | ১,৩৬,১৭,৫৪৪.০০ | ১০০০০০.০০ |
| ৪র্থ তলা-২৫ | জনাব মাইনুল ইসলাম | ৩৫,৬৮,৬১৭.০০ | ০.০০ | ৩৪,৬৮,৬১৭.০০ | ১০০০০০.০০ |
| ৫ম তলা-২৫ | মোঃ মসনুস সালেহীন চৌধুরী<br>পিতা- মোঃ গোলাম কিবরিয়া চৌধুরী | ১৭,৭৯,৫৭৫.০০ | ৮,৮৯,৭৮৮.০০ | ৮,৩৯,৭৮৭.০০ | ৫০০০০.০০ |
| ৮ম তলা-১৫ | জাফর ইকবার সিদ্দিকী | ৩২,৩৬,২৬২.০০ | ০.০০ | ৩১,৩৬,২৬২.০০ | ১০০০০০.০০ |
| ৮ম তলা-১৬ | জাফর ইকবার সিদ্দিকী | ৩০,৪৭,০৬২.০০ | ০.০০ | ২৯,৪৭,০৬২.০০ | ১০০০০০.০০ |
| ৯ম তলা-১৪ | মিসেস আকিল আক্তার চৌধুরী<br>পিতা- মরহুম মোঃ আব্দুল বাসেত চৌধুরী | ৪২,৩৩,৬০০.০০ | ৫,২৯,২০০.০০ | ৩৬,০৪,৪০০.০০ | ১০০০০০.০০ |

আলোচ্যবিষয়-১৭ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে এর কিউএমজি কোটায় সংরক্ষিত ৫ম তলার ০৫ নং দোকানটি ইজারা প্রদানের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ জানুয়ারি ২০১৯ তারিখের ২৩.০১.৯০১.০৪২.০১.০৯৯.০১.২২.০১.১৯ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে এর কিউএমজি কোটায় সংরক্ষিত ৫ম তলার ০৫ নং দোকানটি ইজারা প্রদানের বিষয়ে সেনাসদর কিউএমজি'র শাখা এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ জানুয়ারি ২০১৯ তারিখের ২৩.০১.৯০১.০৪২.০১.০৯৯.০১.২২.০১.১৯ নং পত্রের মাধ্যমে বিএ-২৪৫৭ লেঃ কর্ণেল মোঃ আতিকুর রহমান (অবঃ) কে ইজারা প্রদানের জন্য অনুরোধ করা হয়। কিউএমজি কোটায় সংরক্ষিত দোকান বরাদ্দ প্রদানের বিষয়ে কিউএমজি মহোদয়ের সুপারিশের ভিত্তিতে সর্বশেষ দোকান ইজারার তলাভিত্তিক অনুমোদিত সর্বনিম্ন দরের অর্ধেক মূল্যে দোকান বরাদ্দ/ইজারা নীতিমালায় উল্লেখ রয়েছে। উল্লেখ্য, কিউএমজি কোটায় ১৫৯.৮২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫ম তলার ০৫ নং দোকানটি সংরক্ষিত রয়েছে। উল্লেখ্য যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫ম তলার ০৬ নং দোকানটি সর্বশেষ সর্বনিম্ন প্রতি বর্গফুট ১৪৮০০/- (চৌদ্দ হাজার আটশত) টাকায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা প্রদান করা হয়েছে। কিউএমজি কোটার ১৫৯.৮২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫ম তলার ০৫ নং দোকানটি নীতিমালার আলোকে সর্বশেষ সর্বনিম্ন দাখিলকৃত দর প্রতি বর্গফুট ১৪৮০০/- টাকার অর্ধেক অর্থাৎ প্রতি বর্গফুট ৭,৪০০/- (সাত হাজার চারশত) টাকা হারে সালামী গ্রহণ সাপেক্ষে ইজারা প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের কিউএমজি কোটার ১৫৯.৮২ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫ম তলার ০৫ নং দোকানটি বিএ-২৪৫৭ লেঃ কর্ণেল মোঃ আতিকুর রহমান (অবঃ)-কে দোকান বরাদ্দের নীতিমালার আলোকে প্রতি বর্গফুট ৭,৪০০/- (সাত হাজার চারশত) টাকা হারে সালামী গ্রহণ সাপেক্ষে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২০০ বর্গফুট বা ৭.২২ কাঠা জমি বিশিষ্ট ২৭/বি নং প্লটে বরাদ্দের অতিরিক্ত ১৪৯০ বর্গফুট জমি প্লটের পূর্ব পার্শ্ব হতে ছেড়ে দেয়া এবং বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২০০ বর্গফুট বা ৭.২২ কাঠা জমি বিশিষ্ট ২৭/বি নং প্লট ও প্লটে নির্মিত ০৩(তিন) তলা বাড়ীটির যৌথ মালিক (১) উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান,(২) এম শফিকুল্লাহ খান, (৩) এম রফিকুল্লাহ খান,(৪) এম আতিকুল্লাহ খান, (৫) সুরাইয়া কাদের, (৬) রওশন আরা আলম ও (৭) নিলুফার খান, সর্বপিতা-এম দবির উদ্দিন খান এর নামে নামজারী করা হয়। পরবর্তীতে উইং কমান্ডার (অবঃ) এম হামিদুল্লাহ খান মৃত্যুবরণ করায় উক্ত প্লটে নির্মিত বাড়ীর তাঁর অংশটুকু অত্র দপ্তরের ০২ জুলাই,২০১৩ তারিখের

ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৭/বি/২০১ নং পত্রে তদীয় উত্তরাধিকারী এক স্ত্রী-(১) মিসেস রাবেয়া সুলতানা খান ও ০২ পুত্র যথাক্রমে (২) তারেক হামিদ খান (৩) মুরাদ হামিদ খান এর নামে নামজারী করা হয় এবং সুরাইয়া কাদের, স্বামী-এস এম এ কাদের মৃত্যুবরণ করায় তাঁর অংশ টুকু ২১ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৭/বি/২৮১ নং পত্রে তদীয় উত্তরাধিকারী (১) ফারাহ্ নাজ মাহমুদ ও (২) নওশাদ আওরঙ্গজেব, সর্বপিতা-মৃত এস এম এ কাদের ও সর্বমাতা-মরহুমা সুরাইয়া কাদের এর নামে নামজারী করা হয়। উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিকগনের মধ্যে (১) জনাব এম রফিকুল্লাহ খান (২) রওশন আরা আলম (৩) ফারাহ্ নাজ মাহমুদ ও (৪) নওশাদ আওরঙ্গজেব কর্তৃক জনাব মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদকে আম-মোক্তারনামা প্রদান করেছেন। উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি আফরা আনজুম, স্বামী-তৌসিফ বারী, পিতা-আমিন আহমেদ বর্তমান ঠিকানা-৬৮/বি, নাজির রোড, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে বাড়ীর মালিকগণ ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত প্লটে ৮৮৮ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে থাকায় বিষয়টি ১৫ জানুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-০৭ এর মাধ্যমে উপস্থাপন করা হলে অতিরিক্ত জমি পরিমাপ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০৩/০২/২০১৯ খ্রিঃ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২৭/বি/৩১৬ নং পত্রের মাধ্যমে প্লট মালিকগণকে বিষয়টি অবহিত করা হয় এবং প্লটটি ক্যান্টনমেন্ট বোর্ড ও এমইও এবং প্লট মালিকের প্রতিনিধির যৌথ পরিমাপ করে ৮৮৮ বর্গফুট এর স্থলে ১৪৯০ বর্গফুট অতিরিক্ত জমি পাওয়া গিয়েছে। মালিক উক্ত জমি প্লটের পূর্ব পার্শ্ব হতে ছেড়ে দেয়ার ইচ্ছা পোষন করে প্লটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের জন্য ২০/০২/২০১৯ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং প্লটে বরাদ্দের অতিরিক্ত ১৪৯০ (এক হাজার চারশত নব্বই) বর্গফুট জমির বিষয়ে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস সরেজমিনে ভিজিট করবেন এবং বিষয়টি আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্যবিষয়-১৯ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) তেহসিন হাসান | ১০০৮ | মিরপুর ডিওএইচএস | ০৭/০২/২০১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| ২। | মেজর (অবঃ) মোঃ শফিকুর রহমান | ১০৬৬ | মিরপুর ডিওএইচএস | ১৮/০২/২০১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলায় ০১ ইউনিটের পরিবর্তে ০২ ইউনিট) |
| ৩। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) মোঃ আবদুল হাকিম | ১২১৭ | মিরপুর ডিওএইচএস | ০৩/০২/২০১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (অভ্যন্তরীন পরিবর্তন-৩য় তলায় দুই ইউনিট এবং ৪র্থ তলায় এক ইউনিট) |
| ৪। | জনাব এরশাদুল করিম ভূইয়া | ২৫৯ | বারিধারা ডিওএইচএস | ২১/০১/২০১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| ৫। | কর্ণেল (অবঃ) মিয়া মশিউজ্জামান | ৪৪৯/৩ | বারিধারা ডিওএইচএস | ০৩/০১/২০১৯ | সংশোধিত ০৬(ছয়) তলা (৩য় তলা দুই ইউনিটকে এক ইউনিটে রূপান্তর) |
| ৬। | মিসেস তাহমিনা জামান | ২৮১/সি | মহাখালী ডিওএইচএস | ০৪/০২/২০১৯ | নতুন ০৭(সাত) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ৭। | লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ আলাউদ্দিন গাজী | বি/১৬০ | মহাখালী ডিওএইচএস | ১১/০২/২০১৯ | নতুন ০৭(সাত) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ৮। | মেজর জেনাঃ আবুল খায়ের | ৯০৫ | মিরপুর ডিওএইচএস | ১০/০২/২০১৯ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা নির্মাণ) |
| ৯। | মেজর জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ | ১৩৫১ | মিরপুর ডিওএইচএস | ২৪/০২/২০১৯ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা নির্মাণ) |
| ১০। | ১। জনাব মোঃ আলতাফ হোসেন ভূঞা<br>২। জনাব আবদুল্লাহ্ মিঞা | ১১৮৯ ও ১১৯১ | মিরপুর ডিওএইচএস | ২০/০২/২০১৯ | সংশোধিত ০৭ তলা (অভ্যন্তরীণ পরিবর্তন- ২য় ও ৬ষ্ঠ তলায় ০৪ ইউনিটের পরিবর্তে ০২ ইউনিট এবং ৪র্থ তলায় ০২ ইউনিটের পরিবর্তে ০৪ ইউনিটে রূপান্তর) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১। | কমডোর সামসুল আলম, বিএন | ১২৫৫ | মিরপুর ডিওএইচএস | ২৪/০২/২০১৯ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা নির্মাণ) |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস এলাকার ১১ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে সংশ্লিষ্ট ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভাকে জানানো হয়।

সিদ্ধান্ত ঃ ১৯.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস ছাড়পত্র সাপেক্ষে ক্রমিক নং- ৬ ও ৭ এ বর্ণিত ০২(দুই)টি প্লটে নিম্নোক্ত শর্তাধীনে নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৯.২। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-২, ৩, ৫ ও ১০ বর্ণিত ৪(চার)টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১৯.৩। ক্রমিক নং-১ ও ৪ এ উল্লেখিত প্লটের ভার্টিক্যাল এক্সটেনশনের ০২(দুই)টি নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

১৯.৪। ক্রমিক নং-৮, ৯ ও ১১ এ উল্লেখিত ৩ (তিন)টি প্লটের ৭ম তলার উপর ৮ম তলার নকশা অনুমোদনের (ভার্টিক্যাল এক্সটেনশন) বিষয়ে (০৭ তলা অনুমোদিত নকশায় ০৮ তলা ফাউন্ডেশনসহ) বিল্ডিং বাইল'জ প্রকাশিত হওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৬/ডি-৪ (নিচতলা উত্তর পূর্ব পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৪৪,২৬৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব মোঃ আলাউদ্দিন লিটন, গাড়ি চালক, সাভূক্যা অধিদপ্তর এর ১৪/০২/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৬/ডি-৮ (২য় তলা উত্তর পূর্ব পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৫৮,১১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ আলমগীর হোসেন, অফিস সহকারী, সাভূক্যা অধিদপ্তরে সংযুক্ত এর ১৩/১২/২০১৮ তারিখের আবেদনপত্র। |
| ৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/ডি-৪ (নীচ তলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৪৬,৩১০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | লিপি সরকার সিনিয়র স্টাফ নার্স সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল এর ১১/১২/২০১৮ তারিখের আবেদন পত্র। |
| ৪. | রজনীগন্ধা সুপার মার্কেটের ১১ কেভি বিদ্যুৎ লাইনের পুরাতন ড্রপআউট ফিউজ ও ১১ কেভি গ্যাং আইসুলেটর/ডিসকানেক্টর পরিবর্তন কাজ। | ১,২৫,৭৪৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব মোঃ সালাহউদ্দিন, সিঃ ই/লাইনম্যান এর ২৩/০১/১৯ তারিখের আবেদনপত্র। |
| ৫. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৫০০ কেভিএ বিদ্যুৎ উপকেন্দ্র ওভারহোলিং এবং ট্রান্সফরমার তেল পরিবর্তন কাজ। | ১,৯৯,৯৩৬/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | হাসপাতালের পরিচালক (প্রশাসন) এর ২৮/০১/১৯ তারিখের পত্র। |
| ৬. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতালের ১০০ কেভিএ ০২টি জেনারেটর সার্ভিসিংকরণ এবং জেনারেটর লাইনে সার্কিট ব্রেকার স্থাপন কাজ। | ১,২২,৪১২/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | হাসপাতালের পরিচালক (প্রশাসন) এর ২৯/০১/১৯ তারিখের পত্র। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | শহীদ মঈনুল রোডের ট্রাফিক সিগন্যালের পুরাতন কন্ট্রোলার পরিবর্তন করে নতুন কন্ট্রোলার স্থাপন কাজ। | ৮২,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ট্রাফিক সিগন্যাল মেরামতকারী প্রতিষ্ঠান আরএফ ইঞ্জিনিয়ারিং এর ১৮/০২/২০১৯ তারিখের পত্র। |
| ৮. | রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন স্টাফ কোয়ার্টারের ১ ও ৫ নং ফ্ল্যাট মেরামত ও রংকরণ কাজ। | ৬৫,৬২৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ সাইফুল ইসলাম, মালী উদ্যান শাখা, ক্যান্ট বোর্ড এবং ২২/১/২০১৯ তারিখের আবেদন এবং মোঃ শেখ সাদী পরিচ্ছন্নতা কর্মী, সাধারণ কঞ্জারভেন্সী শাখা, ঢাকা ক্যান্ট বোর্ড এর ০৮/০১/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/ই নং বাসা মেরামত ও রংকরণ। | ১,২০,৯৩০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোঃ ওমর ফারুক, ড্রাইভার, সংযুক্ত এসকেএম সিবিজিএইচ এর ১৯/১১/২০১৮ তারিখের আবেদনপত্র। |
| ১০. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের উত্তর পার্শ্বের ৪র্থ তলা বিল্ডিং এর বারান্দায় এসএস পাইপের রেলিং এবং দক্ষিণ পার্শ্বের ৩য় তলা বিল্ডিং এর বারান্দায় লোহার গ্রীল সরবরাহ ও স্থাপন কাজ। | ১১,৬১,৪৬৮/- | অনুদান | |
| ১১. | ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটরীর দক্ষিণ-পূর্ব কর্ণারে রাস্তার পার্শ্বে ময়লার গাড়ি রাখার জন্য খালি জায়গায় সলিংকরণ কাজ। | ৮১,৪৫৮/- | রাস্তাঘাট মেরামত | |
| ১২. | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে বারিধারা গেইট পর্যন্ত বিদ্যমান ফুটপাতে পেভড টাইলস স্থাপন কাজ। | ৫,১৫,১৭৭/- | সংশ্লিষ্ট ডিওএইচ উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের ১২/১১/২০১৮ তারিখের পত্র। |
| ১৩. | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিণ দিকে বারিধারা গেইট পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে নিরাপত্তা দেয়াল উঁচুকরণ কাজ। | ৪,৮৮,৮০৫/- | সংশ্লিষ্ট ডিওএইচ উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | বারিধারা ডিওএইচএস পরিষদের ১৭/১২/২০১৮ তারিখের পত্র। |
| ১৪. | রজনীগন্ধা সুপার মার্কেটে প্রবেশ রাস্তার উত্তর পার্শ্বে ড্রেন নির্মাণসহ রাস্তা সংস্কার ও মেরামত কাজ। | ১৪,৭২,৯৯২/- | বোর্ড তহবিল | |
| ১৫. | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নতুন হার্ডস্ট্যান্ডে প্রবেশ রাস্তা (কামার পট্টির পূর্ব পার্শ্বে) সংস্কার ও মেরামত কাজ। | ২,০৬,৫৬১/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৬. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের মেইন গেইটের দক্ষিণ পার্শ্বে গার্ডরুম নির্মাণ। | ৫,৩৮,৩২৩/- | অনুদান | 'সাভূক্যা' অধিদপ্তরের ১৩/১১/২০১৮ তারিখের ২৩.২২.০০০০.০২৭.১৪.০৬৩.১৮.৬৫-৪০০ নং পত্র। |
| ১৭. | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের অভ্যন্তরীন মেরামত, রংকরণ ও টাইলস্ স্থাপন এবং দক্ষিণ পার্শ্বে (১৭-০˝×৭-৬˝) রেকর্ড রুম বর্ধিতকরণ। | ৮,৮৫,৯৭৪/- | অনুদান | এমইও, ঢাকার পত্র নং-২৩.২২.০০০০.০০২.১৪.০০২.১৭-২১২৯ তারিখ ০৭/৮/১৮ |
| ১৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় (রোড নম্বর লিখন) এসএস পাইপের ১৮টি সাইনবোর্ড নির্মাণ কাজ। | ৫৯,৪০০/- | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৯. | শহীদ সরণির পটহোল মেরামত, সেনাসদরের সম্মুখে জেব্রা ক্রোসিং মার্কিং, শহীদ জাহাঙ্গীর গেইটের (পূর্ব) গ্রীল মেরামত, সেনাভবনের পশ্চিম দিকে গেইটের পিলার নির্মাণ ও মেরামত কাজ। | ৮২,২৩৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোড হতে ৭ নং রোড পর্যন্ত সংযোগ সড়ক (৬ হতে ৬/এ পর্যন্ত উঁচুকরণ) এবং ৫ ও ৬ নং সংযোগ সড়ক, ড্রেন ও ২৭ নং বাড়ির সামনে রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১৫,৮২,১৫০/- | বোর্ড তহবিল | |
| ২১. | নৌ বাহিনী এলাকায় শিশুপার্কে আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ১৫,০০,০০০/- | বোর্ড তহবিল | |
| ২২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬ এর (২য় তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাট) টয়লেটের ভাঙ্গা প্যান পরিবর্তন করে হাইকমট সরবরাহ ও স্থাপন কাজ। | ১৮,৩১৫/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | জনাব মোঃ আব্দুল ওয়াহেদ পিএ টু ডিজি সাভূক্যা অধিদপ্তর |
| ২৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/সি নং ভবনের ২য় তলা পশ্চিম পার্শ্বের বাসা মেরামত ও রংকরণ কাজ। | ১,৭৫,১০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব খোঃ মোঃ আমিনুল ইসলাম, ট্যাক্স কালেক্টর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| ২৪. | রজনীগন্ধা সুপার মার্কেটের জামে মসজিদের জন্য ডিজিটাল মাইক ক্রয় প্রসংগে। | ১,৫০,০০০/- | বোর্ড তহবিল | উক্ত মসজিদের ইমামের আবেদনের প্রেক্ষিতে |
| ২৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৫/ডি-৩ নং বাসার (নীচ তলার উত্তর পূর্ব পার্শ্ব) ফ্ল্যাটের নিরাপত্তা গ্রীল সরবরাহ ও স্থাপন কাজ। | ৯৪,১১৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | বেগম হুসনে আরা পারভীন জুনিয়র শিক্ষক, সেনাপল্লী হাই স্কুল-এর আবেদনের প্রেক্ষিতে |
| ২৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৬ নং রোডের ৬৮/এ নং বাসার ফলস সিলিং সরবরাহ ও স্থাপন কাজ। | ৭৪,৮০৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মহাপরিচালক মহোদয়ের বাসস্থান |
| ২৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫২/এ নং বাসার (৪র্থ তলার উত্তর পূর্ব পার্শ্ব) মেরামত ও রংকরণ কাজ। | ৩৬,৫৩৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব মোঃ ছরোয়ার হোসেন শেখ, প্লাম্বার, ঢাকা ক্যান্ট: বোর্ড |
| ২৮. | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টারের ফ্ল্যাট নং-২-এর মেরামত ও রংকরণ কাজ। | ৭২,৯৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ডঃ আব্দুর রশিদ মিয়া সহকারী অধ্যাপক, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ |
| ২৯. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তায় ট্রাফিক দায়িত্ব পালনে সহায়তার জন্য (আর্মি এমপি ইউনিট) ২৭টি ওয়াকি টকি সেট সরবরাহকরণ। | ১৪,৮৫,০০০/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ২৬/০২/১৯ তারিখের পত্র। |
| ৩০. | বনানী সামরিক কবরস্থানে দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী ওয়ালের মেরামতসহ চুনকামকরণ। | ৫৬,১৩৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-২০ এর ৩০টি প্রকল্পের মধ্যে ক্র/নং-১২ ও ১৩ এর প্রকল্প ২টি ব্যতিত অবশিষ্ট ২৮টি প্রকল্পের মূল্যানুমান নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্র/নং-১২ ও ১৩-এর প্রকল্প ২টি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস সরেজমিনে পরিদর্শন করবেন এবং পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে ঃ-

২০.১। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১১, ১৫, ১৮, ১৯, ২৩, ২৫, ২৬, ২৭, ২৮ ও ৩০-এ উল্লেখিত ১৯ (উনিশ)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২০.২। ক্রমিক নং- ১০, ১৪, ১৬, ১৭, ২০, ২১, ২৪ ও ২৯-এ বর্ণিত ০৮(সাত)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২০.৩। ক্রমিক নং-২২ এ বর্ণিত পরিত্যক্ত সম্পত্তির প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

আলোচ্যবিষয়-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্র/নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২য় তলার ২০১ নং কক্ষ এবং ৩য় তলার ৩০১ নং সম্মেলন কক্ষে আইপিএস স্থাপনসহ বৈদ্যুতিক লাইন সংস্কার কাজ। | ১,৯৮,৯৫৪/- | মেসার্স এএন্ডডি ব্রাদার্স | ১,৯৮,৮৫৪/৫২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২। | ঢাকা সেনানিবাসে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে মেইন রোড হতে শহীদ বাশার রোডে প্রবেশ রাস্তায় ২টি পোল ও সার্চ লাইট স্থাপন এবং বাশার রোডে বিদ্যমান পোলে ৩টি সোডিয়াম লাইট ব্রাকেটসহ স্থাপন কাজ। | ১,৬৬,৭৭০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১,৬৬,৭৭০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ৩। | মহাখালী ডিওএইচএস এলাকার দক্ষিন পূর্ব পার্শ্বের বাউন্ডারী ওয়ালের কাটা তার মেরামত, সরবরাহ ও স্থাপন কাজ। | ৯৭,৬৬৮/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৯৭,৬৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪। | বীর বিক্রম শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ ও স্কুলের মেইন ড্রেন পরিস্কারকরণসহ মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজ। | ৪২,৪৬০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৪২,৪৬০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫। | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ভিতর ও বাহির সাইড মেরামত ও রংকরণ কাজ। | ৪,৮৫,৫৯০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৪,৮৪,৩৭৬/- | কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৬। | ঢাকা সেনানিবাসের বিদ্যমান ১২টি শিশুপার্ক মেরামত ও সংস্কার কাজ। | ১৪,৫৮,১০৪/- | মেসার্স অনিতা এন্টারপ্রাইজ | ১৪,৫৬,৭০৪/- | বোর্ড তহবিল | |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্ষতিগ্রস্ত ড্রেন মেরামত ও স্ল্যাব নির্মাণ কাজ। | ১,৯৮,৫০০/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ১,৯৭,৯০৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৮। | শহীদ সরণির ক্ষতিগ্রস্থ ৩৫টি রোড সাইনের পুরাতন স্টীকার অপসারণ করে নতুন স্টীকার পুনঃস্থাপন দ্বারা উজ্জলকরণ কাজ। | ৫১,১২৫/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৫১,১২৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দক্ষিণ পার্শ্বের সীমানা দেয়ালের বাহির পার্শ্বে কালার ওয়াশকরণ কাজ। | ৩৯,১৯০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৯,০৯২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০। | এমইও, ঢাকা অফিসের ০২টি টয়লেটের কাঠের দরজা পুনঃনির্মাণ ও স্থাপন কাজ। | ৩৮,৩৫৪/- | মেসার্স এসএস ট্রেডার্স | ৩৮,২৫৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১১। | জিয়া কলোনী এলাকায় আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজগামী রাস্তার পার্শ্বে জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন নির্মাণ কাজ। | ৩,৬০,০০০/- | মেসার্স বি পি ট্রেডার্স | ৩,৫৮,৭০৩/- | বোর্ড তহবিল | |
| ১২। | ডিএসসিএসসি মিরপুর সেনানিবাসের গ্রাজুয়েশন সেরিমনি উপলক্ষ্যে ১ নং এমপি চেকপোষ্ট হতে এমআইএসটি পর্যন্ত রাস্তার আইল্যান্ড মেরামত ও রংকরণ কাজ। | ১,২২,৭০৫/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১,২২,৪৫৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ১৩। | এমপি ইউনিটের জন্য টেলিস্কোপিক বাটন (স্টিক) সরবরাহকরণ কাজ। | ৫,৮৭,৫০০/- | মেসার্স আরসিবি সিকিউরিটি ইকুইপমেন্ট | ৫,৮৭,০০০/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪। | মুসলিম মডার্ন এ্যাকাডেমির দক্ষিণ দিকে মেইন গেইট সংলগ্ন বাউন্ডারী ওয়ালের উপর বারবেড ওয়ার ও স্কুলের পশ্চিম দিকের বাউন্ডারী ওয়ালের উপরের বারবেড ওয়ার মেরামত ও করণ ও পূর্ব দিকের নেটে রংকরণসহ বাহির পার্শ্বের বাউন্ডারী ওয়ালে ওয়েদার কোটকরণ কাজ। | ১,২৮,১৪১/- | মেসার্স পাওনিয়ার এন্টারপ্রাইজ | ১,২৭,৬২৮/- | বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৫। | সেনাপল্লী হাই স্কুলের বাৎসরিক মেরামত ও রংকরণ কাজ। | ২,৭৭,৭৪১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,৭৪,৯৬৪/- | বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ১৬। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোর এর ঔষধ সরবরাহকরণ। | | স্কয়ার ফার্মাসিউটিক্যাল লিঃ | ২,৯৬,২৪৩/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ১৭। | রজনীগন্ধা সুপার মার্কেটে ট্রান্সফরমার রুম মেরামতকরণ কাজ। | ৫৭,৭৮০/- | মেসার্স জুয়েলএন্টারপ্রাইজ | ৫৭,৭৮০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ ভবনের বাউন্ডারী ওয়াল এবং আজিজপল্লী সংলগ্ন ক্যান্টনমেন্টের নিরাপত্তা দেয়াল মেরামত ও রং করণ কাজ। | ৭৫,৭২৩/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং | ৭৫,৭২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | |
| ১৯। | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ উপলক্ষ্যে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রংচুনার কাজ। | ২,৬২,৪৭০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ২,৬১,১৫৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২০। | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে রিক্সা স্ট্যান্ড সংলগ্ন স্থানে পাবলিক টয়লেট নির্মাণ কাজ। | ১০,০৮,২৮৯/- | প্যাট্রিয়ট | ১০,৫০,১৮৪/- | বোর্ড তহবিল | |
| ২১। | স্বাধীনতা সরণিতে পথচারী কর্তৃক মোবাইল ফোন ব্যবহার নিষেধ লেখা সম্বলিত ০৩টি ইলেকট্রিক পলি সাইনবোর্ড সরবরাহকরণ ও ০৮টি সাইনবোর্ড মেরামত কাজ। | ৭২,২০০/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৭২,২০০/- | বোর্ড তহবিল | |
| ২২। | আজিজপল্লীর খেলার মাঠের উঁচু অংশে বালু ফিলিংকরণ, রোলার দ্বারা সমতলকরণ, গোলপোস্ট স্থানান্তরকরণ ও অন্যান্য কাজ। | ২,৩৫,৭১৪/- | মেসার্স লাবিব এন্টারপ্রাইজ | ২,৩৫,২৪২/- | বোর্ড তহবিল | |
| ২৩। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নতুন হার্ডস্ট্যান্ডের প্রবেশ রাস্তা সংস্কার ও মেরামত নির্মাণ কাজ। | ৫৭,৬৯১/- | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ৫৭,৬৯১/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৪। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-এভিনিউ-২ এ স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ১,৫৪,৯২২/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১৫৪,৫৩৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ২৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/ডি-৩ (২য় তলা উত্তর পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৫৭,০০৯/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৫৭,০০৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২ (২য় তলা পশ্চিম পার্শ্ব) বাসার টয়লেট, ০১টি রুম ও রান্নাঘর সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৯৮,৫০৭/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৯৮,৩০৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৭। | মহাখালী ডিওএইচএস এলাকার বনানী এমপি চেকপোষ্ট হতে দক্ষিণ দিকে পানির পাম্প পর্যন্ত বাউন্ডারী ওয়ালের উপর এ্যাংগেল, কাটা তার সরবরাহ ও স্থাপন এবং মেরামত কাজ। | ১,৯৬,৭৮২/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,৯৬,৩৮৮/- | জনসাধারনের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| ২৮। | মহাখালী ডিওএইচএস সংলগ্ন রাওয়া ক্লাবের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট চ্যাপ্টার্ড এলাকা (আব্বাস গার্ডেন এলাকা) প্লট নং-০১ হতে প্লট নং-০৯ পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১১,০২,০৪৯/- | মেসার্স কাশেম ট্রেডার্স | ১১,০০,৯৪৭/- | বোর্ড তহবিল | |
| ২৯। | মহাখালী ডিওএইচএস এলাকার ২৫ ও ২৭ নং রোড মেরামত, কার্পেটিং (আংশিক) এবং সীলকোটকরণ কাজ। | ৫,৯৯,৩২২/- | মেসাস জুই এন্টারপ্রাইজ | ৫,৯৮,৭২২/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | |
| ৩০। | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টঃ বোর্ড জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের মালামাল সরবরাহকরণ কাজ। | ১,৯৩,১১০/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ১,৯৩,১১০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |

আলোচনা ঃ আলোচ্য বিষয়-২১ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ২১.১। আলোচ্য বিষয়-২২ এর ৩০(ত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

২১.২। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২৩, ২৫, ২৬, ২৭, ও ৩০ এ উল্লেখিত ২১ (একুশ)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২১.৩। ক্রমিক নং-৬, ১১, ১৩, ২০, ২১, ২২, ২৪, ২৮ ও ২৯ এ উল্লেখিত ৯ (নয়)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-২২ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ১৬০০ কেজি কার্গো লিফট স্থাপনের লক্ষ্যে লিফট কোর নির্মাণ কাজের জন্য সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ভেটিংকৃত ১,১৫,৫৬,৪০০/- (এক কোটি পনের লক্ষ ছাপ্পান্ন হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ১৬০০ কেজি কার্গো লিফট স্থাপনের লক্ষ্যে লিফট কোর নির্মাণ কাজের জন্য ১,১৩,৭৫,০০০/- (এক কোটি তের লক্ষ পঁচাত্তর হাজার) টাকার মূল্যানুমান প্রস্তুত করে ২৯ অক্টোবর ২০১৮ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২৬(২৯) এর মাধ্যমে উপস্থাপন করা হলে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ভেটিং সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে উক্ত মূল্যানুমান সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়। পরবর্তীতে সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ১,১৫,৫৬,৪০০/- (এক কোটি পনের লক্ষ ছাপ্পান্ন হাজার চারশত) টাকার মূল্যানুমান ভেটিং করা হয়। উক্ত ব্যয় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ফান্ড (তহবিল) হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ১৬০০ কেজি কার্গো লিফট স্থাপনের লক্ষ্যে লিফট কোর নির্মাণ কাজের জন্য সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ভেটিংকৃত ১,১৫,৫৬,৪০০/- (এক কোটি পনের লক্ষ ছাপ্পান্ন হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৩ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের লিফট/এ্যাসকেলেটর এর বর্ধিত কাজের জন্য সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ভেটিংকৃত ২৭,৮৩,৬৮৩/- (সাতাশ লক্ষ তিরাশি হাজার ছয়শত তিরাশি) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের লিফট/এ্যাসকেলেটর এর বর্ধিত কাজের জন্য ২৭,৮৩,৬৮৩/- (সাতাশ লক্ষ তিরাশি হাজার ছয়শত তিরাশি) টাকার মূল্যানুমান প্রস্তুত করে ২৯ অক্টোবর ২০১৮ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২৬(৩২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ভেটিং সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে উক্ত মূল্যানুমান সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়। সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ২৭,৮৩,৬৮৩/- (সাতাশ লক্ষ তিরাশি হাজার ছয়শত তিরাশি) টাকার মূল্যানুমান ভেটিং করা হয়। উক্ত ব্যয় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স ফান্ড (তহবিল) হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের লিফট/এ্যাসকেলেটর এর বর্ধিত কাজের জন্য সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ভেটিংকৃত ২৭,৮৩,৬৮৩/- (সাতাশ লক্ষ তিরাশি হাজার ছয়শত তিরাশি) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৪ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোডের পশ্চিম মাথায় রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং কাজের জন্য ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্তে সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল এর পরিবর্তে বোর্ড তহবিল হতে ব্যয় সংকুলানের অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোডের পশ্চিম মাথায় রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং কাজের ০১ জুলাই ২০১৮ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৬(৩) এর মাধ্যমে ৯,৫২,৭৪২/- (নয় লক্ষ বায়ান্ন হাজার সাতশত বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদিত হয় এবং যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলানের সিদ্ধান্ত গৃহীত হয়। মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও

ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করা হলে ৯,৫২,৭৪২/- (নয় লক্ষ বায়ান্ন হাজার সাতশত বিয়াল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ যাবতীয় সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে সংকুলানের অনুমোদন পাওয়া যায়। অতঃপর ঠিকাদার নিয়োগের নিমিত্ত বহুল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ০৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে জিডিও'র উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয় এবং মোট ০৭(সাত)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স নয়ন এন্টারপ্রাইজ, ১৯৯, উত্তর ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস, ঢাকা ৯,৫১,৭৮৯/- (নয় লক্ষ একান্ন হাজার সাতশত উননব্বই) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন। দরটি অনুমোদনের জন্য দর মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ করা হয়। উক্ত দরটি ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২১(২৩) এর মাধ্যমে উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয় এবং সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল হতে ব্যয় সংকুলানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করে কাজ সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার চূড়ান্ত বিলের জন্য আবেদন করেছেন। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে চূড়ান্ত বিল বাবদ ৯,৪২,৩৩৭/- (নয় লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত সাইত্রিশ) টাকার বিল প্রস্তুত করা হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিলে প্রয়োজনীয় অর্থ না থাকায় ঠিকাদারের বিল পরিশোধ করা যাচ্ছে না বিধায় ৯,৪২,৩৩৭/- (নয় লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত সাইত্রিশ) টাকা ঠিকাদারের বিল পরিশোধের নিমিত্তে সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিলের পরিবর্তে বোর্ড তহবিল হতে ব্যয় সংকুলান করার অনুমোদন দানের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২৮/০১/২০১৯ তারিখের ২৩.২২.০০০০. ০২৭.১৪.০৬০.১৮.৪৫-৪০ নং পত্রের মাধ্যমে বোর্ড ফান্ডের স্থিতি সাপেক্ষে বোর্ড সভার অনুমোদনক্রমে বোর্ড তহবিল হতে প্রয়োজনীয় ব্যয় সংকুলান করার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোডের পশ্চিম মাথায় রাস্তা উঁচুকরণসহ কার্পেটিং কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত বিল বাবদ ৯,৪২,৩৩৭/- (নয় লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত সাইত্রিশ) টাকা বারিধারা ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল এর পরিবর্তে বোর্ড তহবিল হতে সংকুলান/পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৫ঃ ঢাকা সেনানিবাসস্থ মোস্তফা কামাল লাইনে একটি ডাষ্টবিন নির্মাণ কাজের জন্য ১,৭৫,৮৪৯/- (এক লক্ষ পঁচাত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ মোস্তফা কামাল লাইনে একটি ডাষ্টবিন নির্মাণ কাজের জন্য ১,৭৫,৮৪৯/- (এক লক্ষ পঁচাত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ মোস্তফা কামাল লাইনে একটি ডাষ্টবিন নির্মাণ কাজের জন্য ১,৭৫,৮৪৯/- (এক লক্ষ পঁচাত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৬ঃ জিয়া কলোনী ওভারব্রীজের নিচে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপন কাজের জন্য ১,৩৭,৫০০/- (এক লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ জিয়াকলোনী ওভার ব্রীজের নিচের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপনের কাজের জন্য ১,৩৭,৫০০/- (এক লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে। বিষয়টি মিনিটসীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার খাত হতে সংকুলান করা যেতে পারে।

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | লাল বর্ডার ও পানিকা হ্যাজ | ১৫০০০টি | ৮.০০ | ১২০০০০.০০ |
| ২. | গোবর সার | ০১ ট্রাক | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ৩. | ভিটিমাটি ০৫টনি ট্রাকের | ০১ ট্রাক | ৮৫০০.০০ | ৮৫০০.০০ |
| ৪. | ইউরিয়া | ০১ বস্তা | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ৫. | টিএসপি | ০১ বস্তা | ২২০০.০০ | ২২০০.০০ |
| | | | মোট= | ১,৩৭,৫০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জিয়া কলোনী ওভারব্রীজের নিচে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপন কাজটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন অনুযায়ী ব্যয়ের অনুমোদন প্রদান করা হবে।

আলোচ্যবিষয়-২৭ঃ সেনাভবনের সামনে ফুলের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপন কাজর জন্য ৮২,৪০০/- (বিরাশি হাজার চারশত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সেনাভবনের সামনে সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপনের কাজের জন্য ৮২,৪০০/-(বিরাশি হাজার চারশত) টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | কীটনাশক ঔষধ গ্রীন টনিক | ০২ বোতল | ৬০০.০০ | ১২০০.০০ |
| ২. | রিপকট | ০১ বোতল | ৯০০.০০ | ৯০০.০০ |
| ৩. | সুপারগ্রিন কীটনাশক ঔষধ | ০৩ বোতল | ৪৫০.০০ | ১২৫০.০০ |
| ৪. | ভারটিমেক | ০৩ বোতল | ৪০০.০০ | ১২০০.০০ |
| ৫. | দুনডোকিল | ০৩ প্যাকেট | ২০০.০০ | ৬০০.০০ |
| ৬. | এ্যাবোম | ০২ বোতল | ৩৫০.০০ | ৭০০.০০ |
| ৭. | সানগর | ০১ বোতল | ৪০০.০০ | ৪০০.০০ |
| ৮. | টাবগর | ০১ বোতল | ৮০০.০০ | ৮০০.০০ |
| ৯. | ডায়াথিন | ০২ প্যাকেট | ৩০০.০০ | ৬০০.০০ |
| ১০. | ভারবেনা ফুলের চারা | ২০০প্যাকেট | ৩৫.০০ | ৭০০০.০০ |
| ১১. | পেনজি ফুলের চারা | ২০০টি | ৩৫.০০ | ৭০০০.০০ |
| ১২. | ইউরিয়া সার | ০১ বস্তা | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ১৩. | টিএসপি | ০১ বস্তা | ২২০০.০০ | ২২০০.০০ |
| ১৪. | পটাশ | ০১ বস্তা | ২০০০.০০ | ২০০০.০০ |
| ১৫. | খৈল | ০২ বস্তা | ৪৫০০.০০ | ৯০০০.০০ |
| ১৬. | ভিটিমাটি ০৫টি ট্রাকের | ০৪ ট্রাক | ৮৫০০.০০ | ৩৪০০০.০০ |
| ১৭. | গোবর সার | ০২ ট্রাক | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ১৮. | বরাক বাশ | ১৫টি | ৪৫০.০০ | ৬৭৫০.০০ |
| | | | মোট= | ৮২,৪০০.০০ |

উক্ত কাজের ব্যয়ের বিষয়টি মিনিটসীটের মাধ্যমে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সেনাভবনের সামনে ফুলের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের চারা রোপন কাজর জন্য ৮২,৪০০/- (বিরাশি হাজার চারশত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেট পরিষ্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য কাজের জন্য দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,০২,০০০/- (এক লক্ষ দুই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেট পরিষ্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য কাজের জন্য প্রতিদিন ১০ (দশ) জন করে ১৭ (সতের) দিনের জন্য দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,০২,০০০/- (এক লক্ষ দুই হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট পরিষ্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য কাজের জন্য দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,০২,০০০/- (এক লক্ষ দুই হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৯ঃ সেনানিবাস কবরস্থানের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং বিডিআর বিদ্রোহে শহীদদের শ্রদ্ধাঞ্জলীর কার্যক্রমের নিমিত্ত দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ সেনানিবাস কবরস্থানের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং বিডিআর বিদ্রোহে শহীদদের শ্রদ্ধাঞ্জলীর জন্য ০১/০২/২০১৯ হতে ২৪/০২/২০১৯ তারিখ পর্যন্ত প্রতিদিন ১০ (দশ) জন করে ২৪ (চব্বিশ) দিনের জন্য দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সেনানিবাস কবরস্থানের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং বিডিআর বিদ্রোহে শহীদদের শ্রদ্ধাঞ্জলীর কার্যক্রমের নিমিত্ত দৈনিক শ্রমিকের মজুরী বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩০ঃ ময়লা-আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ১১-৩৩৯২ প্রয়োজনীয় যন্ত্রাংশ দ্বারা (ফ্লোর, চেসিস, আড়া, টায়ার ০২টি ) মেরামত কাজের জন্য ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ ময়লা আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং-১১-৩৩৯২ এর প্রয়োজনীয় যন্ত্রাংশ দ্বারা (ফ্লোর, চেচিস, আড়া, টায়ার ০২টি) মেরামত কাজের জন্য ১,২০,০০০/-(এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (চ-৯-ঋ) খাত হতে সংকুলান করা যেতে পারে।

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | ফ্লোর মেরামত | ০১টি | ৩৫০০০.০০ | ৩৫০০০.০০ |
| ২. | চেচিস | ০১টি | ২৮০০০.০০ | ২৮০০০.০০ |
| ৩. | আরা | ০১টি | ১৯০০০.০০ | ১৯০০০.০০ |
| ৪. | টায়ার | ০২টি | ১৯০০০.০০ | ৩৮০০০.০০ |
| | | | মোট = | ১,২০,০০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ময়লা-আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ১১-৩৩৯২-এর প্রয়োজনীয় যন্ত্রাংশ দ্বারা (ফ্লোর, চেসিস, আড়া, টায়ার ০২টি ) মেরামত কাজের জন্য ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (চ-৯-ঋ) খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩১ঃ ময়লা-আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ১৪-১৫২১ এর প্রয়োজনীয় যন্ত্রাংশ দ্বারা (ইঞ্জিন ওভারহোলিং, রিং ০২টি, পিষ্টন, টায়ার ০২টি) মেরামত কাজের জন্য ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

